



## যশোর পল্লী বিদ্যুৎ সমিতি -১

তপসীডাঙ্গা, যশোর।

### দরপত্র বিজ্ঞপ্তি

০১। ২০১৮-১৯ অর্থ বছরের জন্য নিম্নের বর্ণনা অনুযায়ী সদর দপ্তরের প্রধান সড়ক মেরামতের (মেরামত কাজের মালামাল সরবরাহসহ) লক্ষ্য যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক নিজস্ব তহবিলের আওতায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/সড়ক ও জনপথ বিভাগ/এলজিইডি/পিডব্লিউডি/সিটি কর্পোরেশন/পৌরসভা বা অন্য কোন সরকারী প্রতিষ্ঠানে তালিকাভুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

দরপত্র নং	ক্রয়তথ্য মালামাল/ কাজের বিবরণ	দরপত্র দলিল (টেটার ডকুমেন্ট) বিক্রয়ের সময়সূচী	দরপত্র গ্রহণ তারিখ	খোলার সময়সূচী ও স্থান	দরপত্র দলিলের মূল্য (টাকা)	দরপত্র জামানত
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১০০১০০১০০১৯১৬৮১ জি	যশোর পবিস-১ এর সদর দপ্তরের প্রধান সড়ক মেরামত (মেরামত কাজের মালামাল সরবরাহসহ)	০৭/০১/২০১৯ তারিখ সোমবার হতে ৩০/০১/২০১৯ ইং তারিখ বুধবার বেলা ০২.০০ ঘটিকা পর্যন্ত।	৩১/০১/২০১৯ ইং তারিখ বৃহস্পতিবার বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত।	৩১/০১/২০১৯ তারিখ বৃহস্পতিবার বেলা ১২:৩০ ঘটিকায়। (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (পশ্চিম অঞ্চল) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ ও (ii) যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর।	৫০০.০০	১৭,০০০.০০

- ০২। আশ্রয়ী দরদাতাগণ অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত ঠিকানা হতে অতিরিক্ত তথ্য সংগ্রহ করতে পারবেন।
- ০৩। আশ্রয়ী দরদাতাগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর অনুকূলে যে কোন তফসীলি ব্যাংক হতে প্রতিটি দরপত্র দলিল ক্রয়ের জন্য উপরে বর্ণিত ছকের কলাম- ৬ এ উল্লেখিত টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট সংযুক্ত করতঃ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার বরাবরে প্রতিষ্ঠানের নিজস্ব লেটার হেড প্যাডে আবেদনের মাধ্যমে (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ তলা) পূর্ব অংশ, জোয়ার সাহারা, খিলক্ষেত, মতন বিমান বন্দর সড়ক, ঢাকা- ১২২৯ ও (ii) সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর হতে কলাম ০৩ এ বর্ণিত সময়সীমার মধ্যে দরপত্র দলিল সংগ্রহ করতে পারবেন। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল প্রেরণ করা হবে না।
- ০৪। দরপত্রের কলাম ৪-এ বর্ণিত সময়সীমার মধ্যে ব্যক্তিগতভাবে/বাহক মারফত (i) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর ভবন (৮ তলা) পূর্ব অংশ, জোয়ার সাহারা, খিলক্ষেত, মতন বিমান বন্দর সড়ক, ঢাকা- ১২২৯ ও (ii) সিনিয়র জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সদর দপ্তর, তপসীডাঙ্গা, যশোর এই ঠিকানায় পৌছাতে হবে। বিলম্বে গৃহীত দরপত্র বাতিল করা হবে। ডাক/কুরিয়ার যোগে কোন দরপত্র দলিল গ্রহণ করা হবে না। দরপত্রের কলাম-৭ এ উল্লেখিত নির্দিষ্ট পরিমাণ দরপত্র জামানত (পে-অর্ডার/ব্যাংক ড্রাফট) দাখিলকৃত দরপত্রের সাথে সংযুক্ত করতে হবে। দাখিলকৃত দরপত্র কলাম-৫ এ বর্ণিত সময়সূচী ও স্থানে দরদাতাদের উপস্থিতিতে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৫। দরপত্রে কোনরূপ কাটাকাটি বা ঘষামাজা গ্রহণযোগ্য হবে না। দরপত্রের খামের উপর স্পষ্টাক্ষরে “যশোর পবিস-১ এর সদর দপ্তরের প্রধান সড়ক মেরামতের দরপত্র” কথাটি লিখতে হবে।
- ০৬। দরপত্রের সাথে হালনাগাদ ট্রেড লাইসেন্স, ব্যাংক সলভেন্সী সনদ, আয়কর সনদ, ড্যাট রেজিস্ট্রেশন সনদ এবং রাস্তা মেরামত/নির্মাণ কাজের পূর্ব অভিজ্ঞতার সনদ এর সত্যায়িত ফটোকপি সংযুক্ত করতে হবে। অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ০৭। সন্তোষজনকভাবে কাজ সম্পাদনের পর বিলা দাখিল সাপেক্ষে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কর্তৃক সরাসরি বিল পরিশোধ করা হবে। দাখিলকৃত বিল হতে সরকারী নিয়মানুযায়ী ড্যাট ও আয়কর কর্তণ করা হবে। তবে নিরাপত্তা জামানত হিসেবে ১০% হারে কার্যদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানের দাখিলকৃত বিল হতে কর্তণ করা হবে, যা কাজ সমাপ্ত হওয়ার পর ০১(এক) বছর পর্যন্ত অত্র পবিস-এ জমা থাকবে।
- ০৮। দরপত্র সম্পর্কে কারও কোন জিজ্ঞাসা/ব্যাখ্যার প্রয়োজন হলে তা দরপত্র খোলার জন্য নির্ধারিত সময়ের কমপক্ষে ৭ (সাত) দিন পূর্বে নিম্ন ঠিকানায় লিখিতভাবে অনুরোধ জানাতে হবে।
- ০৯। কাজ সম্পাদনের ক্ষেত্রে দাখিলকৃত উদ্ধৃত মূল্যের কমপক্ষে ৫০% বর্ণিত কাজের সন্তোষজনক অভিজ্ঞতাসহ দরপত্র দলিলের সকল শর্ত প্রযোজ্য হবে।
- ১০। কার্যদেশ প্রদানের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে কাজ সম্পন্ন করতে হবে। যথাসময়ে কাজ সম্পন্ন করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে অর্থ কর্তণ করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তণযোগ্য জরিমানা মোট মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।
- ১১। বর্ণিত রাস্তায় ট্রাকসহ অন্যান্য ভারী যানবাহন চলাচল করতে বিধায় (গুনগতমান সঠিক না হলে) রাস্তা তৈরীর ১ (এক) বছরের মধ্যে কোন প্রকার ক্রটি দেখা দিলে তা নিজ খরচে সমাধান করে দিতে হবে।
- ১২। যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার সংরক্ষণ করে।
- ১৩। উল্লেখিত শর্ত বর্হিভূত কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

“শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ”

সিনিয়র জেনারেল ম্যানেজার  
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১  
টেলিফোন : ০৪২১-৬৮৮৭৪।